হরিণাকুণ্ডুতে বঙ্গবন্ধু জাতীয় যুব দিবস পালিত

“মুজিববর্ষের আহবান, যুব কর্মসংস্থান” এই শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে বঙ্গবন্ধু জাতীয় যুব দিবস পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে রবিবার উপজেলা সম্মেলন কক্ষে যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনা শেষে বৃক্ষরোপণ, যুবঋণের চেক ও সনদ পত্র বিতরণ করা হয়।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিল্লাল হোসেন এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন|

বিশেষ অতিথি হিসেবে উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানা, থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রহিম মোল্লা, মাননীয় সংসদ সদস্যর প্রতিনিধি রওশন আলী, প্রেস ক্লাব সভাপতি সাইফুজ্জামান তাজু প্রমুখ ।

ঝিনাইদহে বাঁধাকপির ক্ষেত নষ্ট করেছে দুর্বৃত্তরা

ঝিনাইদহে এক কৃষকের বাঁধাকপির ক্ষেত নষ্ট করেছে দুর্বৃত্তরা। শনিবার রাতে সদর উপজেলার কালীচরণপুর ইউনিয়নের হাটবাকুয়া গ্রামের মাঠে কে বা কারা কীটনাশক দিয়ে এ বাঁধাকপির ক্ষেত নষ্ট করে দিয়েছে।

ভুক্তভোগী কৃষক শমশের মন্ডল জানান, ৬০ শতক জমি বন্দক নিয়ে বাঁধাকপির চাষ করেন। পূর্বশত্রুতার জের ধরে শনিবার রাতের যে কোন এক সময় দুর্বৃত্তরা ক্ষতিকারক কীটনাশক স্প্রে করে দেয় ওই ক্ষেতে।

রোববার সকালে ক্ষেতে গিয়ে দেখতে পান তার ক্ষেতের অধিকাংশ

বাঁধাকপি নষ্ট হয়ে গেছে। তিনি আরও জানান, ক্ষেতে থাকা বাঁধাকপি এক সপ্তাহের মধ্যে বিক্রি করতে পারতেন। এতে করে প্রায় দেড় লাখ টাকার আর্থিক ভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে বলে জানান তিনি।

এ ব্যাপারে সদর থানার ওসি মোহাম্মদ মিজানুর রহমান জানান, লিখিত অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ফ্রান্সে মহানবী (সাঃ)’র ব্যঙ্গচিত্র প্রকাশের প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন

ফ্রান্সে মহানবী (সাঃ)কে অবমাননা করে ব্যঙ্গচিত্র প্রকাশের প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

রোববার সকালে ঝিনাইদহে শহরের পোস্ট অফিস মোড়ে হৃদয়ে বিশ্বনবী (সাঃ) নামের একটি সংগঠন এ কর্মসূচির আয়োজন করে। এতে ব্যানার, ফেস্টুন নিয়ে সংগঠনটির নেতাকর্মী ছাড়াও নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।

ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচিতে বক্তব্য রাখেন, হৃদয়ে বিশ্বনবী (সাঃ) এর আহ্বায়ক মাওলানা রুহুল আমিন খান, উপদেষ্টা ফিরোজ হোসেন, আনিছুর রহমান মিলন, যুগ্ম-আহ্বায়ক মাওলানা ফরহাদ হোসেন, মাওলানা নজরুল ইসলাম, আরাফাত হোসেন, নুরুজ্জামানসহ অন্যান্যরা। এ সময় বক্তারা ফরাসি পণ্য বয়কট ও ইসলাম বিদ্বেষী সব চক্রান্তের বিরুদ্ধে সবাইকে সচেতন থাকার আহ্বান জানান।

শৈলকুপায় বঙ্গবন্ধু জাতীয় যুব দিবস ২০২০ পালিত

ঝিনাইদহের শৈলকুপায় বঙ্গবন্ধু জাতীয় যুব দিবস ২০২০ পালিত হয়েছে। ১লা নভেম্বর সোমবার বেলা ১০ টায় এ অনুষ্ঠানের আয়োজন করে যুব উন্নয়ন অধিদপ্তর শৈলকুপা, ঝিনাইদহ।

এ সময় বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয় । সভার শুরুতে কোরআন ও গীতা থেকে পাঠ করা হয়। স্বাগত বক্তব্য প্রদান করেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মিজানুর রহমান। সভায় সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা পার্থ প্রতিম শীল।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংসদ সদস্য আব্দুল হাই ,বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবী কালু, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান নিলুফা ইয়াসমিন, ইউপি চেয়ারম্যান মতিউর রহমান।

সভায় বক্তারা যুবকদের উদ্দেশ্যে বলেন দেশ গঠনের কাজে ভূমিকা রাখতে এবং মাদক মুক্ত ও নারী নির্যাতন বিরোধী সমাজ গড়ে তুলতে। যুবকদের দেলোয়ার হোসেন বলেন প্রশিক্ষণের মাধ্যমে সমাজকে আত্মনির্ভরশীল করে তোলা সম্ভব, তিনি যুব উন্নয়ন থেকে প্রশিক্ষণ গ্রহণের প্রতি উৎসাহ প্রদান করেন। আলোচনা সভা শেষে যুবকদের মাঝে ১৮,৪০,০০০ টাকার ঋণের চেক ও সনদ প্রদান করা হয়।

কালীগঞ্জ চাপালী ফুটবল টুর্নামেন্টে ঝিনাইদহের জয়

শনিবার বিকাল ৪ টায় চাপালী যুব সংঘের আয়াজনে মরহুম নূর আলী মন্ডল স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ২য় খেলায় মাঠে নামে কালীগঞ্জের বেজপাড়া ফুটবল একাদশ ও ঝিনাইদহ ফুটবল একাদশ।

চাপালী ফুটবল মাঠে বিকাল ৪টায় খেলা শুরু হয়। এ খেলায়

প্রতিদ্বন্দ্বিতা করেন বেজপাড়া ফুটবল একাদশ ও ঝিনাইদহ ফুটবল একাদশ। খেলা শুরুর ৪ মিনিটে ৯ নং জার্সি পরিহিত খেলোয়াড় শাকিল প্রথম গোলটি করে ঝিনাইদহ ফুটবল একাদশকে এগিয়ে নেয়। গোল শোধ দিতে মরিয়া বেজপাড়া ফুটবল একাদশ।

এরই মাঝে ১১ মিনিটে আরেকটি গোল করে পুনরায় দলকে এগিয়ে নেয় সেই শাকিল । খেলার ৩৯ মিনিটে তৃতীয় গোল টি করেন ২নং জার্সি পরিহিত খেলোয়াড় রিয়াজ।

ঝিনাইদহ ফুটবল একাদশ তিন গোলে এগিয়ে থেকে শেষ করে প্রথমার্ধের খেলা।

এরপর শেষার্ধের খেলা শুরুর ৩০ মিনিটের মাথায় নিজের তৃতীয় গোল করে হ্যাট্টিক করেন ঝিনাইদহের শাকিল। ৪-০ ব্যবধানে জয় নিয়ে মাঠ ছাড়ে ঝিনাইদহ ফুটবল একাদশ।

খেলায় ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হন ঝিনাইদহ ফুটবল একাদশের ৯নং জার্সি পরিহিত শাকিল। খেলা পরিচালনা করেন রবিউল ইসলাম ও তার দুই সহকারী মারুফ হাসন ও নিপ্পন।

কোটচাঁদপুরে ব্লাড ব্যাংকের দ্বিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

“একের রক্ত অন্যের জীবন রক্তই হোক আত্মার বাঁধন” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে ব্লাড ব্যাংকের দ্বিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকালে স্থানীয় পৌর পাঠাগার মিলনায়তনে এই দ্বিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলন কমিটির আহ্বায়ক মোঃ ওমর ফারুকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, প্রধান সমন্বয়কারী প্রভাষক আলমগীর হোসেন,

গঠনতন্ত্র কমিটির আহ্বায়ক মোঃ আব্দুস সালাম, সংগঠনের সহকারি পরিচালক জাহাঙ্গীর আলম প্রমুখ।

সম্মেলনে সর্ব সম্মতিক্রমে মোঃ মশিয়ার রহমানকে সভাপতি ও মোঃ যুবায়ের হোসেনকে সাধারণ সম্পাদক নির্বাচিত করে ৩৬ সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী পরিষদের কমিটি ঘোষণা করা হয়।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন, সাংগঠনিক পদে মোঃ মেহেদী হাসান, অর্থ সম্পাদক মোঃ আব্দুল আলিম, সহ-সভাপতি মোঃ মিলন, মোঃ স্বপন আলী, মোঃ জুলফিকার আলী এবং যুগ্ম-সম্পাদক পদে হাসানুজ্জামান, সবুজ হোসেন, শাহনেওয়াজ অর্নব ও মোঃ আশরাফুল আলমকে নির্বাচিত করা হয়।

ঝিনাইদহে বিএনপির বর্ধিত সভা অনুষ্ঠিত

ঝিনাইদহ সদর উপজেলা বিএনপির বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে শহরের এইচএসএস সড়কের দলটির জেলা কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাড. মুন্সি কামাল আজাদ পান্নুর সভাপতিত্বে অনুষ্ঠনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির কেন্দ্রীয় সহ-সাংগঠনিক সম্পাদক অনিন্দ ইসলাম অমিত।

প্রধান বক্তা ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক এ্যাড. এস এম মশিয়ুর রহমান। বিশেষ বক্তা ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব এ্যাড. এম এ মজিদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক আব্দুল মালেক, আক্তারুজ্জামান, জাহিদুজ্জামান মনা, আব্দুল মজিদ বিশ্বাস, বিএনপি নেতা আলমগীর হোসেন।

অনুষ্ঠান পরিচালনা করেন সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক এ্যাড. আব্দুল আলিম। অনুষ্ঠানে বিএনপি, অঙ্গ ও সহযোগি সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। এসময় বক্তারা, দলকে শক্তিশালী করতে

তৃণমুল পর্যায়ের নেতাকর্মীদের ঐক্যবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানান।

ঝিনাইদহে কমিউনিটি পুলিশিং ডে উপলক্ষে আলোচনা সভা

‘ ‘মুজিববর্ষের মূলমন্ত্র-কমিউনিটি পুলিশিং সর্বত্র’’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে কমিউনিটি পুলিশিং ডে উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

জেলা পুলিশের আয়োজনে শনিবার সকালে পুলিশ লাইন্সে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে জনপ্রতিনিধি, সুশীলসমাজের প্রতিনিধি, পুলিশ বিভাগ ও জেলা প্রশাসনের কর্মকর্তারা অংশ নেয়।

পুলিশ সুপার মুনতাসিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাস, কমিউনিটি পুলিশিং কমিটির সাধারণ সম্পাদক কাইয়ূম শাহারিয়ার জাহেদী হিজল, অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোহাইমিনুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশারসহ অন্যান্যরা।

বক্তরা, জেলায় মাদক, সন্ত্রাস, জঙ্গীবাদ ও নারী নির্যাতনসহ সকল প্রকার অপরাধমুলক কর্মকান্ড থেকে বিরত থাকার পাশাপাশি অপরাধ দমনে পুলিশকে সহযোগীতা করার জন্য সকলের প্রতি আহবান জানান।

ঝিনাইদহে জাসদের ৪৮তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

ঝিনাইদহে জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদ’র ৪৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। শনিবার দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে জেলা জাসদের পক্ষ থেকে এ উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা জাসদের সভাপতি চন্দন চক্রবর্তীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাসদ কেন্দ্রীয় উপদেষ্টা মন্ডলীর সদস্য মনোয়ার হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জাসদের সাধারণ সম্পাদক শামীম আখতার বাবু, সহ-সভাপতি শরাফত ইসলাম, জলিল মিয়া, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল আজিজ খান, সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মানিক, দপ্তর সম্পাদক শাহানুর আলম, কোষাধ্যক্ষ মনিরুজ্জামান উজ্জল।

এসময় বক্তারা, দুর্নিতী, লুটপাট, অন্যায় অত্যাচারের বিরুদ্ধে সুশাসনের পক্ষে ঐক্যবদ্ধভাবে কাজ করতে নেতাকর্মীদের প্রতি আহ্বান জানান।

ঝিনাইদহে পয়ঃ বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক ক্যারাভ্যান ক্যাম্পেইন

সিটি ওয়াইড ইনক্লুসিভ স্যানিটেশন প্রকল্পের আওতায় ঝিনাইদহ পৌরসভার মানব বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে এস এন ভি নেদারল্যান্ড এর সহযোগিতায় ঝিনাইদহ পৌরসভা ও এইড ফাউন্ডেশন এর যৌথ উদ্যোগে ক্যারাভ্যান ক্যাম্পেইন